আলমডাঙ্গায় ব্লাড ডোনেট সোসাইটির ১০০ ব্যাগ রক্ত ডোনেশন সম্পন্ন

আলমডাঙ্গায় মানবতার কল্যাণে নিরলসভাবে কাজ করে চলা “ব্লাড ডোনেট সোসাইটি আলমডাঙ্গা” গতকাল একটি গুরুত্বপূর্ণ সাফল্য অর্জন করেছে। সংগঠনের সদস্যরা গত এক বছরে টানা পরিশ্রম ও প্রচেষ্টার মাধ্যমে ১০০ ব্যাগ রক্ত সংগ্রহ সম্পন্ন করেছে।

সংগঠনটির প্রতিষ্ঠাতা আহমেদ শাওন জানান, “মানবতার সেবায় আমরা সবসময় চেষ্টা করে যাচ্ছি। গত এক বছরে আমরা ১০০ ব্যাগ রক্ত সংগ্রহ করতে সক্ষম হয়েছি। ইনশাআল্লাহ সামনে বছরে এই সংখ্যাটি আরও বড় হবে। আমাদের লক্ষ্য—একজন মানুষও যেন রক্তের অভাবে কষ্ট না পায়।”

সংগঠনের সদস্যরা জানান, তারা শুরু থেকেই অসহায় রোগীদের পাশে দাঁড়াতে সচেষ্ট ছিলেন। বিশেষ করে জরুরি মুহূর্তে রক্ত সরবরাহ করে বহু মানুষের জীবন রক্ষা করতে সক্ষম হয়েছে এই সংগঠন। মানবতার এই মহৎ উদ্যোগকে এলাকাবাসী সাধুবাদ জানিয়েছেন এবং ভবিষ্যতেও এ কার্যক্রমকে এগিয়ে নিতে সকলের সহযোগিতা কামনা করেছেন সংগঠনের নেতৃবৃন্দ।